মেহেরপুরে ভূমি ব্যবস্থাপনা ও সেবায় আইটি শীর্ষক প্রশিক্ষণ উদ্বোধন

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে জেলা পর্যায়ে ভূমি ব্যবস্থাপনা ও সেবায় ইনফরমেশন টেকনোলজি শীর্ষক প্রশিক্ষণ উদ্বোধন করা হয়েছে।

গতকার সোমবার সকালে মেহেরপুর জেলা প্রশাসক মো: আতাউল গনি প্রশিক্ষণের উদ্বোধণ করেন। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যদের মধ্যে অতিরিক্ত জেলা প্রশাসক এবাদত হোসেন, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক তৌফিকুর রহমান, সদর উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদ মাসুদুল আলম, গাংনী উপজেলা নির্বাহি অফিসার দিলারা রহমান, মুজিবনগর উপজেলা নির্বাহি অফিসার ওসমান গনি প্রমুখ উপস্থিত ছিলেন।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে ট্রাফিক সচেতনতা সপ্তাহ উপলক্ষে পরিবহন আইন প্রচারপত্র বিলি

ট্রাফিক সচেতনতা সপ্তাহ উপলক্ষে মেহেরপুর জেলা ট্রাফিক পুলিশের উদ্যোগে সড়ক পরিবহন আইন ২০১৮ প্রচারপত্র বিলি করা হয়েছে।

সোমবার সকালে মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে ড্রাইভিং লাইসেন্স পরীক্ষার্থীদের মাঝে প্রচারপত্র বিলি করা হয়েছে।

এ সময় বক্তব্য রাখেন মেহেরপুর জেলা ট্রাফিক ইন্সপেক্টর ইসমাইল হোসেন, মেহেরপুর জেলা ট্রাফিক ইন্সপেক্টর গোলাম মুজতবা,বিআরটিএ

ইন্সপেক্টর সালাউদ্দিন প্রিন্স প্রমুখ, এছাড়া উপস্থিত ছিলেন ট্রাফিক সার্জেন্ট পবিত্র বিশ্বাস,এ টি এস আই আব্দুস সাত্তার এটিএসআই জাহাঙ্গীর আলম, এটিএসআই মুস্তাফিজুর রহমান প্রমূখ উপস্থিত ছিলেন।

- নিজস্ব প্রতিনিধি

অযথা কাউকে হয়রানি দেওয়া যাবে না খুলনা বিভাগের অতিরিক্ত কমিশনার

খুলনা বিভাগের অতিরিক্ত কমিশনার (উন্নয়ন) নিশ্চিন্ত কুমার পোদ্দার বলেছেন, নিষ্ঠার সাথে সরকারি দায়িত্ব পালন করতে হবে।

তিনি আরও বলেন, অযথা কাউকে হয়রানি দেওয়া যাবে না। অতিরিক্ত বিভাগীয় কমিশনার নিশ্চিন্ত কুমার পোদ্দার গতকাল সোমবার সকালের দিকে মেহেরপুরের মুজিবনগর উপজেলা পরিষদ মিলনায়তনে মুজিবনগর উপজেলা সরকারি কর্মকর্তাদের সাথে মতবিনিময় কালে এ কথা বলেন।

মুজিবনগর উপজেলা নির্বাহি অফিসার মো: ওসমান গনির সভাপতিত্বে মতবিনিময় সভায় অন্যদের মধ্যে উপজেলা শিক্ষা অফিসার আনোয়ার হোসেন, কৃষি কর্মকর্তা আনিসুজ্জামান খান, মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম, সমাজসেবা কর্মকর্তা আবদুর রবসহ উপজেলা পর্যায়ের অন্যান্য কর্মকর্তাগণ সেখানে উপস্থিত ছিলেন।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে হেরোইন সহ ৬ মামলার আসামী আটক

মেহেরপুরে ২৪ গ্রাম হেরোইন সহ হাবিবুর রহমান হাবিব নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ। সোমবার বিকালে শহরের হটাৎ পাড়ায় থেকে তাকে আটক করা হয়। হাবিব হটাৎ পাড়ার মৃত তুফান শেখ এর ছেলে।

তার বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় ৬ টি মাদক মামলা রয়েছে।

এ বিষয়ে নিয়মিত মামলা রুজু প্রক্রিয়াধীন।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরের হরিরামপুরে শিশু বিবাহ ও পারিবারিক সহিংসতা প্রতিরোধে মতবিনিময় সভা

মেহেরপুর সদর উপজেলার হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয়ে শিশু বিবাহ ও পারিবারিক সহিংসতা প্রতিরোধে কমিউনিটির ভূমিকা শীর্ষক এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১০টার দিকে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। মানব উন্নয়ন কেন্দ্র মউক ও জেলা নারী নির্যাতন প্রতিরোধ ফোরাম যৌথভাবে এই সভার আয়োজন করে।

হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির সভাপতি আমিরুল ইসলাম এর সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন মেহেরপুর সদর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) মোঃ মাইনউদ্দিন। বিশেষ অতিথি ছিলেন বুড়িপোতা ইউপি চেয়ারম্যান মোঃ শাহজামান।

স্বাগত বক্তব্য রাখেন মউক এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম। অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য দেন হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আনাজ আলী, মোঃ শহিদুল ইসলাম (মাষ্টার), ওয়ার্র্ড আওয়মীলীগ সভাপতি আব্বাছ উদ্দিন, বীর মুক্তিযোদ্ধা জোয়াদ আলী, ইউপি সদস্য সানোয়ার হোসেন।
সভায় অনুষ্ঠানের প্রধান অতিথির সামনে সমাবেত দু’শতাধিক অভিভাবক তাদের সন্তানদের শিশু বিবাহ না দেওয়ার প্রতিজ্ঞা করেন। অনুষ্ঠানটি পরিচালনা করেন মানবাধিকার কর্মী সাদ আহাম্মদ।

-নিজস্ব প্রতিনিধি

গাংনী সন্ধানী স্কুল এন্ড কলেজের শিক্ষার্থীদের মিল শেয়ারিং অনুষ্ঠান

মেহেরপুরের গাংনী উপজেলার সন্ধানী সংস্থার
খ্যাতনাম শিক্ষা প্রতিষ্ঠান সন্ধানী স্কুল এন্ড কলেজের শিক্ষার্থীদের নিয়ে মিল শেয়ারিং অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল সাড়ে দশটার সময় উপজেলা পরিষদের শহীদ মিনার চত্বরে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিৎ থেকে শিক্ষার্থীদের সাথে মিল শেয়ারিং করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান।

অন্যান্য অতিথিদের মধ্যে উপস্থিৎ ছিলেন সন্ধানী সংস্থার নির্বাহী পরিচালক ও জেলা দূর্নীতি প্রতিরোধ কমিটির সাধারণ সম্পাদক মহাঃ আবু জাফর, উপজেলা শিক্ষা কর্মকর্তা মীর হাবিবুল বাশার, সন্ধানী স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ মোঃ হাবিবুর রহমান, ফুলকুড়ি শিশু শিক্ষালয়ের অধ্যক্ষ সিরাজুল ইসলাম, জাতীয় পার্টি জেপির জেলা কমিটির সাধারণ সম্পাদক আঃ হালিম সহ বিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা ও সাংবাদিক বৃন্দ।

সন্ধানী স্কুল এন্ড কলেজের মিল শেয়ারিং অনুষ্ঠানে উপজেলা নির্বাহি কর্মকর্তা অত্যান্ত অভিভুত হয়ে প্রতিষ্ঠানটির ভুয়সী প্রশংসা করে বলেন শিক্ষার্থীদের একে অপরের যে মিল শেয়ারিং করা এটা তাদের মধ্যে

সহযোগিতা মুলক মনোভাব ও সৌহার্দ্যপূর্ন আচরণে অভ্যস্ত করবে তা সত্যিই আগামী প্রজন্মের জন্য গুরুত্বপূর্ণ ভুমিকা রাখবে। প্রতিষ্ঠানের অধ্যক্ষ মোঃ হাবিবুর রহমান সাংবাদিকদের জানান ৩য় ও ৪র্থ শ্রেনীর শিক্ষার্থীরা বিদ্যালয় প্রাঙ্গণ হতে উপজেলা পরিষদের শহীদ মিনারে রাস্তার এক পাশ দিয়ে বড়ভাইদের অর্থাৎ ৩য় শ্রেনীর শিক্ষার্থীরা ৪র্থ শ্রেনীর শিক্ষার্থীদের সহযোগিতায় সু- শৃংখলভাবে হেঁটে অনুষ্ঠানস্থলে পৌছবে আবার একইভাবে বিদ্যালয় প্রাঙ্গণে ফিরে যাবে।

এতে করে তারা রাস্তায় কিভাবে সু-শৃংখলভাবে চলা ফেরা করতে হয় সেটা হাতে কলমে তার শিখবে। প্রায় ১৮ বছর ধরে প্রতিষ্ঠানটি শিক্ষার্থীদের এ চর্চা করে আসছেন বলে অধ্যক্ষ হাবিবুর রহমান জানান।

- গাংনী প্রতিনিধি

মেহেরপুরে আবারো অবৈধ পরিবহনের বলি জামাল

মেহেরপুরে আবারো অবৈধ পরিবহন আলগামন উল্টে নিহত হয়েছে জামাল নামের এক দিন মজুর। সোমবার সকালে সদর উপজেলার বারাদি বাজারে এ ঘটনা ঘটে। নিহত জামাল মুজিবনগর উপজেলার মোনাখালি গ্রামের জমির উদ্দিনের ছেলে।

এছাড়াও শিবপুর গ্রামের রিপন ও আব্বাস নামের দুই জন জখম হয়েছে। স্থানীয়রা তাদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আসে।

জানা যায়, ৬-৭ জনের এবটি দিন মজুরের দল বারাদিতে কপি কাটার উদ্দেশ্যে আলগামন যোগে যাচ্ছিল। এমন সময় বারাদি বাজারে অপর একটি গাড়িকে সাইড দিতে গিয়ে নিয়ন্ত্রন হারিয়ে উল্টে যায় এতে জামাল, রিপন ও আব্বস গুরুতর জখম হয়। তাদের উদ্ধার করে মেহেরপুরে জেনারেল হাসপাতালে নিয়ে আসলে পথিমধ্যেই জামালের মৃত্যু হয়।

- নিজস্ব প্রতিনিধি

মুজিবনগরে দৈনিক সময়ের সমীকরন পত্রিকার প্রতিষ্ঠা বার্ষিকী

গতকাল রোববার বিকাল সাড়ে ৪ টায় মেহেরপুরের মুজিবনগর প্রেস ক্লাবের অফিসে চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত ঈর্ষান্বিত সাফল্যের শীর্ষে দৈনিক সময়ের সমীকরণের প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে।

মুজিবনগর ব্যুরো প্রধান মুনশী মোকাদ্দাসে হোসেনের সভাপতিত্বে এ অনুষ্ঠানে প্রেসক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক প্রিন্স কেক কেটে প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধন ঘোষণা করেন।

এসময় বিভিন্ন সংবাদমাধ্যমের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। পত্রিকার দীর্ঘায়ু কামনা করে বক্তব্য রাখেন মেহেরপুর প্রতিদিন মুজিবনগরে ব্যুরো প্রধান রেজাউল করিম রেজা, মেহেরপুরের চোখ অনলাইন পত্রিকার প্রতিনিধি সোহাগ মন্ডল, দৈনিক অধিকার পত্রিকার জেলা প্রতিনিধি শাকিল রেজা।

সবশেষে দৈনিক সময়ের সমীকরণ এর সকল পাঠক, গ্রাহক শুভানুধ্যায়ীর জন্য দোয়া কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

- মুজিবনগর অফিস

মেহেরপুরে গাঁজা সেবন করার অপরাধে ৩ জনের কারাদন্ড

গাঁজা সেবন করার অপরাধে ৩ গাঁজা খোরের ৩ মাসের কারাদ- দেয়া হয়েছে।
গতকাল রবিবার বিকেলের দিকে মেহেরপুর সদর উপজেলার চাঁদবিল গ্রামে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে নজরুল ইসলাম, আশরাফুল এবং পিন্টু নামের তিন ব্যক্তিকে তিন মাসের করে কারাদ- দেয়া হয়।

নজরুল ইসলাম চাঁদবিল গ্রামের গোলাম নবীর ছেলে, আশরাফুল আলম একই গ্রামের হায়দার আলীর ছেলে এবং পিন্টু গুল্লুর ছেলে।

জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক শাহজালালের নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর একটি দল গোরস্থানের কাছ থেকে গাঁজা সেবনের সময় ৩ জনকে আটক করে।

পরে সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মাইনউদ্দিন এর নেতৃত্বে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৯ এর (গ) এর টেবিল ২১ এর ৩৬ ধারায় প্রত্যেককে তিন মাসের করে কারাদ- দেওয়া হয়।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর জেলা ব্যাডমিন্টনে হরিরামপুর ও চকশ্যামনগর চ্যাম্পিয়ন

মেহেরপুর জেলা ক্রীড়া অফিসের বার্ষিক ক্রীড়া কর্মসূচীর আওতায় মেহেরপুর সদর উপজেলার হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত ছেলেদের ব্যাডমিন্টন এককে হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয়

এবং দ্বৈতে চকশ্যামনগর মাধ্যমিক বিদ্যালয় চ্যাম্পিয়ন হয়েছে।

গতকাল রবিবার বিকালে অনুষ্ঠিত ব্যাডমিন্টন এককের ফাইনালে হরিপুর মাধ্যমিক বিদ্যালয় ২-০ শালিকা মাধ্যমিক বিদ্যালয়কে পরাজিত করে।

একই মাঠে অনুষ্ঠিত ব্যাডমিন্টন দ্বৈতে চক শ্যামনগর মাধ্যমিক বিদ্যালয় ২-১ সেটে হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয়কে পরাজিত করে।

এদিকে একই মাঠে অনুষ্ঠিত ব্যাডমিন্টন একক বালিকায় চকশ্যামনগর মাধ্যমিক বিদ্যালয় এবং দ্বৈতে হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয় চ্যাম্পিয়ন হয়েছে।

ব্যাডমিন্টন একক বালিকাই চকশ্যামনগর মাধ্যমিক বিদ্যালয় ২-০ সেটে আর আর মাধ্যমিক বিদ্যালয় কে পরাজিত করে। এদিকে ব্যাডমিন্টন বালিকা দ্বৈতে হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয় ২-০সেটে চকশ্যামনগর মাধ্যমিক বিদ্যালয়কে পরাজিত করে।

খেলা শেষে মেহেরপুর জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক ফিরোজ আহমেদ বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক আনাজ আলীর সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহ জামাল।

বক্তব্য রাখেন জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ, ক্রীড়া শিক্ষক আব্দুল কুদ্দুস, ইসরাফিল হোসেন, আখতারুজ্জামান, ফোরকান আলী, জাহাঙ্গীর হোসেন প্রমুখ।

- নিজস্ব প্রতিনিধি